# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 58617908, 9615576


নং- ৩৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.২২-১৭৫

তারিখ: ০৮ চৈত্র ১৪২৯ / ২২ মার্চ ২০২৩

**বিষয়: ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ সুষ্ঠুভাবে উদযাপন উপলক্ষ্যে স্বারাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের কার্যবিবরণীর ২১ নং ক্রমিকে বর্ণিত সিদ্ধান্ত বাস্তাবয়ন প্রসঙ্গে**

সূত্র: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৩.২৩.০০৩.১৭.৪০; তারিখ: ১৯ মার্চ ২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ সুষ্ঠুভাবে উদযাপন উপলক্ষ্যে আইন শৃঙ্খলা নিয়ন্ত্রণ ও নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত সভার কার্যবিবরণী ২১ নং ক্রমিকে বর্নিত কোভিড-১৯ মহামারীর কারণে যথাযথভাবে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক সকল অনুষ্ঠান আয়োজন ও ফেস মাস্ক ব্যবহার নিশ্চিত করা সংক্রান্ত সিদ্ধান্ত বাস্তবায়নের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন সকল স্তরের মাদ্রাসার অধ্যক্ষ/সুপার ও পরিচালনা কমিটিকে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০৭ (সাত) পৃষ্ঠা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

22.06.2023

(মোঃ সিদ্দিকুর রহমান)
রেজিস্ট্রার
ফোন: ০২-৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

প্রাপক: অধ্যক্ষ/সুপার ও পরিচালনা কমিটি
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন সকল স্তরের মাদ্রাসা।

নং- ৩৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.২২-১৭৫ (৭)

তারিখ: ০৮ চৈত্র ১৪২৯ / ২২ মার্চ ২০২৩

<u>সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. জেলা প্রশাসক (সকল);
২. উপজেলা নির্বাহী অফিসার (সকল);
৩. জেলা শিক্ষা অফিসার, (সকল) (সার্বিক সহযোগিতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ);
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);
৫. প্রোগ্রামার (আইসিটি সেল), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (পত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ ও বহুল প্রচারের অনুরোধসহ);
৬. পি ও টু চেয়ারম্যান, পি এ টু রেজিস্ট্রার/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।

২২/৩/২৩

(মোঃ ওমর ফারুক)
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোনঃ ৯৬৭৪৮৭৪
ই- মেইল: dradmin@bmeb.gov.bd

E:\Admin\Jafar\Madrasah Letter\স্বাস্থ্য বিধি অনুসরণ 2023.Docx

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
চেয়ারম্যান মহোদয়ের দপ্তর

| | |
|---|---|
| ডায়রী নং | ৩৭৪ |
| তারিখ- | |
| রেজিস্ট্রার | |
| পরীক্ষা নিয়ন্ত্রক | |
| পরিদর্শক | |
| কারিকুলাম/ হিরক | |
| উপ-রেজিস্ট্রার প্রশাঃ/কমন | |
| উপ-পরীক্ষা নিয়ন্ত্রক সনদ | |
| আইসিটি সেল/কম্পিউটার কেন্দ্র | |
| শিঃ | |
| জরুরী আলাপ করুন/ব্যবস্থা নিন | |
| চেয়ারম্যান | |

S/O

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.tmed.gov.bd

২১/৩/২৩

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০..০৪৩.২৩.০০৩.১৭.৪০

তারিখ: ৫ চৈত্র ১৪২৯
১৯ মার্চ ২০২৩

১৯/৩/২৩

কার্যবিবরণীর ২১ নং ক্রমিকে বর্ণিত সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১৯-৩-২০২৩
ড. মোঃ আশরাফুজ্জামান
যুগ্মসচিব
ফোন: ০২-৫৫১০১০৭৪
ইমেইল: cordtmed@gmail.com

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
রেজিস্ট্রার মহোদয়ের দপ্তর

| | |
|---|---|
| ডায়রী নং | ২৫৬০ |
| পরীক্ষা নিয়ন্ত্রক | |
| পরিদর্শক | |
| প্রকাশনা নিয়ন্ত্রক | |
| উপ-রেজিস্ট্রার প্রশাসন/কমন | |
| উপ-পরীক্ষা নিয়ন্ত্রক গোপ/পরীক্ষা | |
| হিসাব রক্ষণ কর্মকর্তা | |
| আইসিটি/কম্পিউটার কেন্দ্র | |
| উপ-সহকারী প্রকৌশলী | |
| রেজিস্ট্রার | ২০-৩-২৩ |

১) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর
২) মহাপরিচালক (অতিরিক্ত সচিব) , মাদরাসা শিক্ষা অধিদপ্তর
৩) চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
৪) চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
৫) পরিচালক, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া
৬) অধ্যক্ষ, অধ্যক্ষ-এর দপ্তর , বাংলাদেশ মাদরাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০..০৪৩.২৩.০০৩.১৭.৪০/১(৩)

তারিখ: ৫ চৈত্র ১৪২৯
১৯ মার্চ ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সিনিয়র সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সিনিয়র সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
২) ব্যক্তিগত কর্মকর্তা , প্রশাসন ও অর্থ অনুবিভাগ , কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
৩) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অধিশাখা -২, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

১৯-৩-২০২৩
ড. মোঃ আশরাফুজ্জামান
যুগ্মসচিব

শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
সিনিয়র সচিবের দপ্তর
ডায়েরি নম্বর ১০৪১ তাং ১৩/৩/২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
রাজনৈতিক-৬ শাখা

**২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ সুষ্ঠুভাবে উদ্‌যাপনের লক্ষ্যে আইন-শৃংখলা নিয়ন্ত্রন ও নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত সভার কার্যবিবরণী ঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | আসাদুজ্জামান খান, এমপি<br>মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| স্থান | ঃ | সম্মেলন কক্ষ (কক্ষ নম্বর-২০৮), স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | ঃ | ০৬ মার্চ ২০২৩, সোমবার ১২.০০ টায় |
| উপস্থিত কর্মকর্তাদের নাম ও পদবি | ঃ | পরিশিষ্ট-'ক' |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি বলেন যে, প্রতি বছর বিভিন্ন অনুষ্ঠান ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষে সরকার কর্তৃক গৃহীত কর্মসূচি যথাযথ বাস্তবায়নকল্পে আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য সভার আয়োজন করা হয়ে থাকে। ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বিস্তারিত কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এ সকল কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়ন ও নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে করণীয় নির্ধারণের জন্যে অদ্যকার এ সভা আহবান করা হয়েছে। এরপর তিনি ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে জাতীয় কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য ঢাকা মহানগরীসহ সারা দেশে আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ ও বিশেষ বিশেষ স্থানে নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণের বিষয়ে গুরুত্বারোপ করেন। তিনি মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের সকল কর্মসূচি শান্তিপূর্ণ পরিবেশে উদ্‌যাপনে সংশ্লিষ্ট সকলকে আন্তরিকতার সাথে নিজ নিজ দায়িত্ব পালনের অনুরোধ জানান।

২। বিস্তারিত আলোচনার পর ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মসূচির সাথে সঙ্গতি রেখে আইন-শৃঙ্খলা ও সার্বিক নিরাপত্তা নিশ্চিতকল্পে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র: নং | আলোচ্যসূচি | গৃহীত সিদ্ধান্তসমূহ | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | ২৫ মার্চ গণহত্যা দিবস উপলক্ষে প্রতীকী ব্ল্যাক-আউট এর বিষয়ে নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ | ২৫ মার্চ গণহত্যা দিবস পালন উপলক্ষে জরুরী স্থাপনা ও চলমান যানবাহন ব্যতীত ২৫ মার্চ ২০২৩ তারিখ রাত ১০.৩০ থেকে ১০.৩১ মিনিট পর্যন্ত ১ মিনিটের জন্য প্রতীকী ব্ল্যাক-আউট কর্মসূচী পালনের সময় ঢাকা মহানগরীসহ সারা দেশে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করতে হবে। | বিদ্যুৎ বিভাগ/পুলিশ অধিদপ্তর/জেলা প্রশাসক (সকল)/পুলিশ সুপার (সকল) |
| ২. | ২৬ মার্চ প্রত্যুষে একত্রিশবার তোপধ্বনি | (ক) ঢাকায় প্রত্যুষে একত্রিশবার তোপধ্বনি<br>(খ) জেলা ও উপজেলায় প্রত্যুষে একত্রিশবার তোপধ্বনি নিশ্চিত করণ। | সশস্ত্র বাহিনী বিভাগ/জেলা প্রশাসক/পুলিশ সুপার/ উপজেলা নির্বাহী অফিসার/ ভারপ্রাপ্ত কর্মকর্তা(সকল) |

১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
রাজনৈতিক-৬ শাখা

২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ সুষ্ঠুভাবে উদ্‌যাপনের লক্ষ্যে আইন-শৃংখলা নিয়ন্ত্রণ ও নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত সভার কার্যবিবরণী ঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | আসাদুজ্জামান খান, এমপি<br>মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| স্থান | ঃ | সম্মেলন কক্ষ (কক্ষ নম্বর-২০৮), স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | ঃ | ০৬ মার্চ ২০২৩, সোমবার ১২.০০ টায় |
| উপস্থিত কর্মকর্তাদের নাম ও পদবি | ঃ | পরিশিষ্ট-'ক' |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি বলেন যে, প্রতি বছর বিভিন্ন অনুষ্ঠান ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষে সরকার কর্তৃক গৃহীত কর্মসূচি যথাযথ বাস্তবায়নকল্পে আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য সভার আয়োজন করা হয়ে থাকে। ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বিস্তারিত কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এ সকল কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়ন ও নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে করণীয় নির্ধারণের জন্যে অদ্যকার এ সভা আহবান করা হয়েছে। এরপর তিনি ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে জাতীয় কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য ঢাকা মহানগরীসহ সারা দেশে আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ ও বিশেষ বিশেষ স্থানে নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণের বিষয়ে গুরুত্বারোপ করেন। তিনি মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের সকল কর্মসূচি শান্তিপূর্ণ পরিবেশে উদ্‌যাপনে সংশ্লিষ্ট সকলকে আন্তরিকতার সাথে নিজ নিজ দায়িত্ব পালনের অনুরোধ জানান।

২। বিস্তারিত আলোচনার পর ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মসূচির সাথে সঙ্গতি রেখে আইন-শৃঙ্খলা ও সার্বিক নিরাপত্তা নিশ্চিতকল্পে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র: নং | আলোচ্যসূচি | গৃহীত সিদ্ধান্তসমূহ | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | ২৫ মার্চ গণহত্যা দিবস উপলক্ষে প্রতীকী ব্ল্যাক-আউট এর বিষয়ে নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ | ২৫ মার্চ গণহত্যা দিবস পালন উপলক্ষে জরুরী স্থাপনা ও চলমান যানবাহন ব্যতীত ২৫ মার্চ ২০২৩ তারিখ রাত ১০.৩০ থেকে ১০.৩১ মিনিট পর্যন্ত ১ মিনিটের জন্য প্রতীকী ব্ল্যাক-আউট কর্মসূচী পালনের সময় ঢাকা মহানগরীসহ সারা দেশে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করতে হবে। | বিদ্যুৎ বিভাগ/পুলিশ অধিদপ্তর/জেলা প্রশাসক (সকল)/পুলিশ সুপার (সকল) |
| ২. | ২৬ মার্চ প্রত্যুষে একত্রিশবার তোপধ্বনি | (ক) ঢাকায় প্রত্যুষে একত্রিশবার তোপধ্বনি<br>(খ) জেলা ও উপজেলায় প্রত্যুষে একত্রিশবার তোপধ্বনি নিশ্চিত করণ। | সশস্ত্র বাহিনী বিভাগ/জেলা প্রশাসক/পুলিশ সুপার/ উপজেলা নির্বাহী অফিসার/ ভারপ্রাপ্ত কর্মকর্তা(সকল) |

| | | | |
|---|---|---|---|
| ৩. | সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনে যথাযথ ভাবে জাতীয় পতাকা উত্তোলন নিশ্চিতকরণ | ২৬ মার্চ ২০২৩ তারিখে সূর্যোদয়ের সাথে সাথে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন এবং উত্তোলনের ক্ষেত্রে জাতীয় পতাকা বিধিমালা, ১৯৭২ অনুযায়ী পতাকার সঠিক মাপ ও রঙের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে। এই বিষয়ে তথ্য মন্ত্রণালয়ের মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রয়োজনে ভ্রাম্যমান আদালত পরিচালনা করতে হবে। | তথ্য মন্ত্রণালয়/ পুলিশ অধিদপ্তর/ বিভাগীয় কমিশনার (সকল)/পুলিশ কমিশনার (সকল) |
| ৪. | সাভার জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণকালীন নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ | ক) মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মন্ত্রিপরিষদের সদস্যবৃন্দ এবং অন্যান্য গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের সড়কপথে সাভার জাতীয় স্মৃতিসৌধে গমন, পুষ্পস্তবক অর্পণ ও প্রত্যাবর্তনকালীন সর্বোচ্চ সতর্কতা ও নিশ্ছিদ্র নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণের পর বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দ কর্তৃক পুষ্পস্তবক অর্পণের সময় শৃঙ্খলা বজায় রাখা ও নিরাপত্তা নিশ্চিত করতে হবে।<br>(গ) সাভার জাতীয় স্মৃতিসৌধে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর নেতৃত্বে উপস্থিত বীরশ্রেষ্ঠ পরিবার, যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা এবং বীর মুক্তিযোদ্ধাগণ কর্তৃক পুষ্পস্তবক অর্পণকালীন শৃঙ্খলা বজায় রাখাসহ নিরাপত্তা নিশ্চিত করতে হবে।<br>(ঘ) বিদেশী কূটনৈতিকদের গুলশানের নির্দিষ্ট স্থান থেকে সাভার জাতীয় স্মৃতিসৌধে আনা নেয়ার সময় প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঙ) নিরাপত্তার স্বার্থে ঢাকা নবীনগর সড়কের বিভিন্ন ব্রীজের নিচে এবং আশেপাশের নদীতে নৌ-পুলিশ মোতায়েন করতে হবে।<br>(চ) সর্বসাধারণের পুষ্পস্তবক অর্পণকালে নিরাপত্তা নিশ্চিত করতে হবে। | পররাষ্ট্র মন্ত্রণালয়/পুলিশ অধিদপ্তর/৯ পদাতিক ডিভিশন/ডিএমপি,ঢাকা/ ডিজিএফআই/এনএসআই/ এসবি/এসএসএফ/ র‍্যাব/ ডিআইজি, ঢাকা রেঞ্জ/ জেলা প্রশাসক, ঢাকা/ পুলিশ সুপার, ঢাকা। |
| ৫. | বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ের অনুষ্ঠানে নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ | মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষে বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে আনুষ্ঠানিকভাবে পুষ্পস্তবক অর্পণ, শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের সমাবেশ ও কুচকাওয়াজ এবং সাংস্কৃতিক অনুষ্ঠানসহ সকল অনুষ্ঠানে আইন-শৃঙ্খলা রক্ষার্থে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পুলিশ অধিদপ্তর/ বিভাগীয় কমিশনার (সকল)/মেট্রোপলিটান পুলিশ কমিশনার (সকল) |
| ৬. | ট্রাফিক নিয়ন্ত্রণ | (ক) বঙ্গভবন এবং মাননীয় প্রধানমন্ত্রীর বাসভবন থেকে সাভার জাতীয় স্মৃতিসৌধ পর্যন্ত মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর গমনাগমন পথে ট্রাফিক নিয়ন্ত্রণ রাখার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>(খ) সাভার জাতীয় স্মৃতিসৌধ এবং আশেপাশের এলাকায় ২৫ মার্চ/২০২৩ থেকে ২৬ মার্চ/২০২৩ বিকেল ০৫.০০ টা পর্যন্ত ট্রাফিক নিয়ন্ত্রণ রাখার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ করতে হবে। | পুলিশ অধিদপ্তর/ডিএমপি/ ডিআইজি হাইওয়ে, ঢাকা |
| ৭. | নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা গ্রহণ | (ক) সারাদেশে ২৫ ও ২৬ মার্চ ২০২৩ তারিখে আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠান ও সভা-সমাবেশসহ সকল কর্মসূচীতে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা করতে হবে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুষ্ঠান স্থলের তালিকা পূর্বেই স্থানীয় বিদ্যুৎ অফিসকে সরবরাহ করতে হবে।<br>(খ) বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট ব্যক্তি বর্গের কাজের সুবিধার্থে নিরাপত্তা পাশ ইস্যু করতে হবে। | বিদ্যুৎ বিভাগ/ডিপিডিসি লিঃ/ডিএমপি/ জাতীয় ক্রীড়া পরিষদ/বিভাগীয় কমিশনার (সকল) |

| | | | |
|---|---|---|---|
| ৮. | রাস্তা/ড্রেন মেরামত, সংস্কারকরণ, স্পীড ব্রেকার চিহ্নিতকরণ ও তোরণ নির্মাণ | (ক) ঢাকা হতে সাভার জাতীয় স্মৃতিসৌধ পর্যন্ত এবং স্মৃতিসৌধের আশেপাশের ড্রেন ও ফুটপাতসমূহ আগামী ২০ মার্চ/২০২৩ তারিখের মধ্যে প্রয়োজনীয় মেরামত ও সংস্কার কাজ সম্পন্ন করতে হবে। উক্ত রাস্তাসমূহে প্রয়োজনীয় নির্দেশনা চিহ্ন স্থাপন এবং স্পীড ব্রেকারসমূহে ফ্লোরোসেন্ট রং এর মাধ্যমে মার্কিং করতে হবে।<br><br>(খ) ঢাকা হতে সাভার জাতীয় স্মৃতিসৌধ পর্যন্ত রাস্তায় তোরণ নির্মাণ সীমিত রাখতে হবে। রাস্তার উপর ওভারহেড তোরণ নির্মাণ না করার নির্দেশনা প্রদান করতে হবে। | পুলিশ অধিদপ্তর/ সড়ক ও জনপথ বিভাগ/ গণপূর্ত বিভাগ/ঢাকা উত্তর/ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন |
| ৯. | পরিষ্কার-পরিচ্ছন্নতা ও স্মৃতিসৌধ সজ্জিতকরণ | (ক) সাভার জাতীয় স্মৃতিসৌধ ও এর আশেপাশের এলাকার রাস্তা-ঘাট পরিষ্কার-পরিচ্ছন্ন ও সজ্জিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(খ) ঢাকা মহানগরীর ভিআইপি সড়কসহ যে সব এলাকায় মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের কর্মসূচি রয়েছে, সে সব এলাকা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | সড়ক ও জনপথ বিভাগ/ গণপূর্ত অধিদপ্তর/ ঢাকা উত্তর/ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন |
| ১০. | মেডিকেল টিম নিয়োজিতকরণ | দেশব্যাপী আয়োজিত সকল অনুষ্ঠানে জরুরী চিকিৎসা সেবা প্রদানের জন্য প্রয়োজনীয় সংখ্যক মেডিকেল টিম প্রস্তুত রাখাসহ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর সাথে সমন্বয় করে প্রয়োজনীয় সংখ্যক এ্যাম্বুলেন্স প্রস্তুত ও নিয়োজিত রাখতে হবে। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়/স্বাস্থ্য অধিদপ্তর/ সিভিল সার্জন, ঢাকা/ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |
| ১১. | অগ্নিনির্বাপনী গাড়ী মোতায়েন | সাভার জাতীয় স্মৃতিসৌধ সংলগ্ন এলাকায় প্রয়োজনীয় জনবলসহ অগ্নিনির্বাপনী গাড়ী, এ্যাম্বুলেন্স ও মোটর সাইকেল মোতায়েন করতে হবে। | সুরক্ষা সেবা বিভাগ/ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর/ ডিএমপি, ঢাকা |
| ১২. | খাবার পানির ব্যবস্থা গ্রহণ, ধুলোবালি নিয়ন্ত্রণ ও ভ্রাম্যমান টয়লেট স্থাপন | (ক) সাভার জাতীয় স্মৃতিসৌধ এলাকায় ২৬ মার্চ ২০২৩ তারিখে প্রয়োজনীয় বিশুদ্ধ খাবার পানি সরবরাহের ব্যবস্থা করতে হবে।<br><br>(খ) ধুলাবালি নিয়ন্ত্রণের লক্ষ্যে সংশ্লিষ্ট রাস্তায় পানি ছিটানো, মাঠ ভিজানোসহ ভ্রাম্যমান টয়লেট স্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ঢাকা ওয়াসা/ ঢাকা উত্তর/ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ সাভার পৌরসভা |
| ১৩. | মাইক্রোফোন ও বাদ্যযন্ত্রের ব্যবহার নিয়ন্ত্রণ | ভিভিআইপি/ভিআইপিগণের ঢাকা জাতীয় স্মৃতিসৌধে যাতায়াত/ অবস্থানের সময় সাভার জাতীয় স্মৃতিসৌধসহ ঢাকা-নবীনগর রোডে এবং নিকটবর্তী এলাকায় মাইক/মাইক্রোফোন এবং উচ্চস্বরে বাদ্যযন্ত্রের ব্যবহার নিরুৎসাহিত করতে হবে। | ডিএমপি/ডিআইজি, ঢাকা রেঞ্জ/পুলিশ সুপার, ঢাকা/ তথ্য মন্ত্রণালয়/তথ্য অধিদপ্তর |
| ১৪. | জাদুঘর খোলা রাখা | সামরিক জাদুঘর ও পুলিশ মুক্তিযুদ্ধ জাদুঘর এবং বিজিবি জাদুঘরসহ অন্যান্য জাদুঘর ২৬ মার্চ খোলা রাখতে হবে। | সশস্ত্র বাহিনী বিভাগ পুলিশ অধিদপ্তর/ বিজিবি |
| ১৫. | বঙ্গভবনে সংবর্ধনা অনুষ্ঠান উপলক্ষে নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ ও ট্রাফিক নিয়ন্ত্রণ | বঙ্গভবনে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক সংবর্ধনা অনুষ্ঠান আয়োজন করা হলে বিশিষ্ট অতিথিদের প্রবেশ পথে প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ ও ট্রাফিক ব্যবস্থা নিয়ন্ত্রণ রাখতে হবে। | রাষ্ট্রপতির কার্যালয়/ ডিএমপি/এনএসআই/ এসএসএফ/এসবি/ র‍্যাব |
| ১৬. | উন্নত মানের খাবার পরিবেশন | দেশের সকল হাসপাতাল, জেলখানা, শিশু পরিবার, বৃদ্ধাশ্রম, ভবঘুরে কেন্দ্র, এতিমখানা ও শিশু দিবা যত্ন কেন্দ্রসমূহে উন্নতমানের খাবার পরিবেশন করতে হবে। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ/স্বাস্থ্য বিভাগ /সুরক্ষা সেবা বিভাগ/ সমাজ কল্যাণ মন্ত্রণালয় |

| | | | |
|---|---|---|---|
| ১৭. | জেলা ও উপজেলা সদরে মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা অনুষ্ঠান | মহান স্বাধীনতা দিবস উপলক্ষে জেলা ও উপজেলা সদরে আয়োজিত মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা অনুষ্ঠানে যথাযথ নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করতে হবে। | জেলা প্রশাসক (সকল)/পুলিশ সুপার (সকল) |
| ১৮. | বিশেষ প্রার্থনা | ২৫ মার্চ রাতে নিহতদের স্মরণে সারা দেশে সুবিধাজনক সময়ে বিশেষ মোনাজাত/প্রার্থনার আয়োজন করতে হবে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়/ জেলা প্রশাসক (সকল) |
| ১৯. | ক্রীড়া অনুষ্ঠান | জেলা ও উপজেলা পর্যায়ে প্রদর্শনী ফুটবল ম্যাচ, দেশীয় খেলা ক্রিকেট ও ভলিবল ম্যাচের আয়োজন করা হলে উহার নিরাপত্তা নিশ্চিত করতে হবে। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়/জেলা প্রশাসক (সকল)/পুলিশ সুপার (সকল) |
| ২০. | সিনেমা হলে প্রদর্শনী | ঢাকাসহ দেশের সব জেলা ও উপজেলা পর্যায়ে সিনেমা হলসমূহ বিনা টিকেটে ছাত্র-ছাত্রীদের জন্য মুক্তিযুদ্ধ ভিত্তিক চলচ্চিত্র প্রদর্শনী এবং জেলা ও উপজেলা পর্যায়ে মিলনায়তনে, উন্মুক্ত স্থানে মুক্তিযুদ্ধ ভিত্তিক প্রামাণ্যচিত্র প্রদর্শনী আয়োজন করতে হবে। এ সকল স্থানে নিরাপত্তা নিশ্চিত করার জন্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী কর্তৃক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | প্রতিরক্ষা মন্ত্রণালয়/ তথ্য মন্ত্রণালয়/ সুরক্ষা সেবা বিভাগ /সশস্ত্র বাহিনী বিভাগ /গণযোগাযোগ অধিদপ্তর, জেলা প্রশাসক (সকল)/ উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| ২১. | স্বাস্থ্যবিধি অনুসরণ | কোভিড-১৯ মহামারীর কারণে যথাযথভাবে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক সকল অনুষ্ঠান আয়োজন ও ফেস মাস্ক ব্যবহার নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট সকলে |
| ২২. | বিবিধ | (ক) কূটনৈতিক এলাকায় নিরাপত্তা ব্যবস্থা জোরদার করতে হবে।<br><br>(খ) কেপিআই সমূহে কঠোর নজরদারি ও নিরাপত্তার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(গ) মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী এবং ভিভিআইপি/ ভিআইপিগণ কর্তৃক স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ শেষে ঢাকায় ফেরত না আসা অবধি ঢাকা আমিন বাজার হতে সাভার জাতীয় স্মৃতিসৌধ পর্যন্ত রাস্তায় ভোর ৪.০০ টা থেকে পুষ্পস্তবক বহনকারী গাড়ি ব্যতীত অন্যান্য যানবাহন সাময়িক বন্ধ থাকবে। | পুলিশ অধিদপ্তর |

৩। আগামী ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনে সকলের সহযোগিতা কামনা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তাং ০৭/০৩/২০২৩ ইং
(আসাদুজ্জামান খান এমপি)
মন্ত্রী
স্বরাষ্ট্র মন্ত্রণালয়

স্মারক নং-৪৪.০০.০০০০.০৭৯.২২.০০১.২০১৮- ১০২

তারিখঃ ২২ ফাল্গুন ১৪২৯
০৭ মার্চ ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। সিনিয়র সচিব/সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়/স্বাস্থ্য সেবা বিভাগ/সুরক্ষা সেবা বিভাগ/মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়/সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়/গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়/বিদ্যুৎ বিভাগ/সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ/তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ/প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়/ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৩। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
৪। রাষ্ট্রপতির সামরিক সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, আপন বিভাগ, বঙ্গভবন, ঢাকা।
৫। প্রধানমন্ত্রীর সামরিক সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৬। জিওসি, ৯ পদাতিকডিভিশন, সাভার সেনানিবাস, ঢাকা।
৭। মহাপরিচালক,কোস্টগার্ড/ডিজিএফআই/এনএসআই/বিজিবি/আনসার ও ভিডিপি/এসএসএফ/র‌্যাব/এনটিএমসি/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৮। অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক, এসবি, মালিবাগ, ঢাকা।
৯। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
১০। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।
১১। পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা।
১২। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর/সড়ক ও জনপথ অধিদপ্তর, ঢাকা।
১৩। উপ-পুলিশ মহাপরিদর্শক, ঢাকা রেঞ্জ।
১৪। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন/গণযোগাযোগ অধিদপ্তর/স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।
১৫। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিদ্যুৎ বিতরণ কোম্পানী লিঃ, বিদ্যুৎ ভবন-১, আব্দুল গনি রোড/ওয়াসা, ঢাকা।
১৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন/ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
১৮। মহাপরিচালক, জাতীয় যাদুঘর/বাংলা একাডেমী/শিল্পকলা একাডেমী, ঢাকা।
১৯। নির্বাহী পরিচালক, নজরুল ইনস্টিটিউট, ঢাকা।
২০। জেলা প্রশাসক, ঢাকা।
২১। পুলিশ সুপার, ঢাকা।
২২। সিভিল সার্জন, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা ।
২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (রাজনৈতিক ও আইসিটি) এর ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৪। যুগ্মসচিব (রাজনৈতিক-২) এর ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

৭.০৩.২০২৩

(শাহে এলিদ মাইনুল আমিন)
উপসচিব
ফোনঃ ০২-২২৩৩৫৬৩৩৮
pol6@mhapsd.gov.bd
political6.mha@gmail.com